# BANGLADESH FERTILIZER ASSOCIATION
ALRAZI COMPLEX (5TH FLOOR)
166-167, Shaheed Syed Nazrul Islam Sarani, Purana Paltan,
Dhaka-1000, Phone : +88 02 55111694-96
E-mail : info@bfa-fertilizer.org, Website : www.bfa-fertilizer.org


স্মারক নং-বিএফএ/০৭/৯৫(ভোল-৬)/৮২(৬৫০০) তারিখঃ ২৫-০৫-২০২৫খ্রিঃ

বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশনের
সকল সম্মানিত সদস্য।

**বিষয় ঃ <u>২০২৫-২০২৬ইং মেয়াদের জন্য বিএফএ সদস্যপদ নবায়ন প্রসঙ্গে।</u>**

প্রিয় মহোদয়,

উল্লেখিত বিষয়ের প্রতি আপনার সানুগ্রহ দৃষ্টি আকর্ষণ করছি। আপনি সবিশেষ অবগত যে, আপনার বিএফএ সদস্যপদ নবায়নের মেয়াদ ৩০ জুন, ২০২৫খ্রিঃ তারিখের পর শেষ হয়ে যাবে এবং বিএফএ মেমোরেন্ডাম এন্ড আর্টিকেল্স অব এসোসিয়েশন অনুযায়ী মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই তা নবায়ন করতে হয়।

সদস্যদের ধরণ, ক্যাটাগরী ও ফি নিম্নে দেখানো হলো ঃ-

| সদস্যের ধরণ | ক্যাটাগরীর নাম | নবায়ন ফি |
|---|---|---|
| ডিলার / বিতরণকারী | অর্ডিনারী | ৩,০০০/- |
| আমদানিকারক/রপ্তানীকারক | " | ৫,০০০/- |
| সার সরবরাহকারী | " | ৫,০০০/- |
| উৎপাদনকারী | " | ৫,০০০/- |
| খুচরা বিক্রেতা | এসোসিয়েট | ১,০০০/- |

প্রসঙ্গত উল্লেখ্য যে, সদস্যপদ নবায়নের প্রাক্কালে সদস্যদের গ্রুপ জীবন বীমা নবায়নের জন্য সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোং লিঃ-এর অনুকূলে বিগত বছরের ন্যায় ৪,৫০০/-(চার হাজার পাঁচশত) টাকা প্রিমিয়াম বাবদ প্রদান করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

এমতাবস্থায়, আপনার সদস্যপদ নবায়ন করার জন্য বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন বরাবরে ক্যাটাগরী এবং সদস্যদের ধরণ অনুযায়ী উল্লিখিত হারে নগদ টাকা/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট-এর মাধ্যমে বিএফএ থেকে প্রদত্ত মূল সদস্য সনদপত্রের সাথে নিম্নলিখিত প্রয়োজনীয় দলিলাদি জমা প্রদান করলে সদস্যপদ নবায়নের জন্য বিএফএ কেন্দ্রীয় কার্যালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

হাল নাগাদ ট্রেড লাইসেন্স ও আয়কর সনদের ফটোকপি জমা দিতে হবে।

অতএব, আপনার ব্যবসায়িক স্বার্থ সংরক্ষণে অগ্রণী ভূমিকা পালনে বিএফএ'কে আরও শক্তিশালী করার নিমিত্তে যথাসময়ে আপনার বিএফএ সদস্যপদ নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলে বিএফএ দৃঢ়ভাবে বিশ্বাস করে।

পরিশেষে, আপনার সুস্বাস্থ্য ও ব্যবসায়িক মঙ্গল কামনা করছি।

ধন্যবাদান্তে

(রিয়াজ উদ্দিন আহমেদ)
নির্বাহী সচিব

<u>অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-</u>

১। ব্যবস্থাপনা পরিচালক, সকল সার কারখানা (ডিলারশীপ নবায়নের প্রাক্কালে বিএফএ'র হাল নাগাদ সনদপত্র যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্তি নিশ্চিত করার অনুরোধ সহকারে)।
২। পরিচালনা পর্ষদের সকল সম্মানীত সদস্যবৃন্দ, বিএফএ।
৩। সভাপতি/সাধারণ সম্পাদক, বিএফএ জেলা ইউনিট (সকল)।

CamScanner